যুগান্তর

FEB. 06 2002

তারিখ ... পৃষ্ঠা ১০ কলাম ৬

# নকল করতে না দেয়ায় বরিশালে শিক্ষককে হুমকি

বরিশাল ব্যুরো

নকল করতে না দেয়ায় বিএম কলেজের শিক্ষক অধ্যাপক নাসির উদ্দিনকে দেখে নেয়ার হুমকি দিয়েছে এক পরীক্ষার্থী।

সোমবার এ ঘটনা ঘটে বিএম কলেজের কলা ভবনের একটি কক্ষে। ইসলামের ইতিহাসের মাস্টার্স পরীক্ষার্থী শহীদ পরীক্ষায় নকল করার চেষ্টা করলে অধ্যাপক নাসির উদ্দিন তার খাতা নিয়ে যান। এ সময় শহীদ আমাকে পরীক্ষা দিতে না দিলে বিএম কলেজের কাউকে পরীক্ষা দিতে দেয়া হবে না বলে হুমকি দেয়। সে শিক্ষক নাসির উদ্দিনকে উদ্দেশ করে বলে 'আপনাকে দেখে নেব'। পরে ওই ছাত্রকে আর পরীক্ষা দিতে দেয়া হয়নি। তাকে বহিষ্কার করা হয়েছে।

## বাকেরগঞ্জে দোকানে হামলা

স্থানীয় কতিপয় সন্ত্রাসী বেলা আনুমানিক ১১টায় বাকেরগঞ্জের মুক্তাকালার স্টুডিওতে হামলা চালিয়ে ভাংচুর করেছে। রিমন শেখ নামের এক সন্ত্রাসীর নেতৃত্বে ৮/১০ যুবক স্টুডিওতে গিয়ে মালিক আল-আমিন সিরাজের মোটরসাইকেলের চাবি চায়। চাবি না দেয়ায় তারা হামলা চালিয়ে গ্লাস ভাংচুর করে।